গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ বাণিজ্য দপ্তর
সরকারি কার্যভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।
ফোন: ০২৩৩৩৩২৪১৪০, ০২৩৩৩৩২১৯০২, ফ্যাক্স: ০২৩৩৩৩২৪৯৫৪
email: po@mmd.gov.bd, mmdctgbd@gmail.com
ওয়েবসাইট: www.mmd.gov.bd

## সার্কুলার নং ০৫/২০২৩

এতদ্বারা অত্র দপ্তরে আওতায় রেজিস্ট্রিকৃত সকল বিদেশগামী জাহাজ এবং উপকূলীয় অঞ্চলে চলাচলরত কোষ্টাল, ট্যাংকার, কার্গো জাহাজ, যাত্রীবাহী নৌযান, ফিশিং ট্রলার, ফিশিং/কার্গো বোট ও ডকইয়ার্ড/ইয়ার্ড সার্ভিস সেন্টার মেরিন ওয়ার্কশপ, শিপিং এজেন্ট/এজেন্সী এর মালিক এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তর হতে নৌযানের সকল রেজিস্ট্রেশন সনদ, বাৎসরিক জারীকৃত সেইফটি ইকুইপমেন্ট সনদ ও সার্টিফিকেট অব ইন্সপেকশন সনদসহ অন্যান্য সকল সনদ জারীর জন্য ফি বাবদ প্রদত্ত সমুদয় অর্থের উপর ১৫% হারে উৎসে মূল্য সংযোজন কর (মূসক) প্রযোজ্য হবে মর্মে সরকারী সিদ্ধান্ত পাওয়া গেছে। (মুল্য সংযোজন কর এর প্রজ্ঞাপন কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, অত্র দপ্তর হতে সকল রেজিস্ট্রিকৃত সনদ, সেইফটি ইকুইপমেন্ট ও সার্টিফিকেট অব ইন্সপেকশন সনদসহ সকল সনদ জারীর বিপরীতে ফি বাবদ প্রদত্ত সমদয় অর্থের উপর ১৫% (শতকরা পণের ভাগ) হারে মূসক আদায় করা জন্য অনুরোধ করা হলো। সরকারী রাজস্ব আদায়ের স্বার্থে এ ব্যাপারে সকলকে সহযোগিতা করা একান্ত কাম্য।

(ক্যাপ্টেন সাব্বির মাহমুদ)
প্রিন্সিপাল অফিসার
এবং
রেজিস্ট্রারার অব বাংলাদেশ শিপস্।

নং: ১৮.১৭.১৫০০.১০১.২২.০৪৭.১৮/ ১২৩২

তারিখ: ২৮-০৩-২০২৩খ্রি:।

বিতরণ:
১. চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
২. চেয়ারম্যান, মংলা বন্দর কর্তৃপক্ষ, খুলনা।
৩. চেয়রম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, পটুয়াখালী।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং করর্পোরেশন, চট্টগ্রাম।
৫. নৌ বাণিজ্য দপ্তরের সকল শাখা প্রধানগণ।
৬. সভাপতি, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি, বাড়ী নং: ১১/বি (৬ষ্ঠ তলা) , রোড নং: ৩০, ব্লক-সিইউএস(এ), গুলশান-১, ঢাকা-১২১২।
৭. সভাপতি, বাংলাদেশ কোস্টাল শিপ ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ইষ্টান আরজু কমপ্লেক্স ( ৮ম তলা), রুম নং: ০৯/০৬, ৬১ বিজয়নগর, ঢাকা-১০০০।
৮. সভাপতি, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশন, আকরাম টাওয়ার, রুম: ১, ১৫/৫ বিজয়নগর, ৬ষ্ঠ তরা, ঢাকা-১০০০।
৯. সভাপতি, বাংলাদেশ তেলবাহী জাহাজ মালিক সমিতি, হ্যাপি রহমান, ৫ম তলা, ২৫-২৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামোটর, ঢাকা।
১০. সভাপতি, বাংলাদেশ পেট্রোলিয়াম ট্যাংকার ওনার্স এসোসিয়েশন, স্যুট#৫০২, লেভেল#৫, ব্লক# সি, বিজিএমই কমপ্লেক্স, ২৩/১ পন্থপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
১১. সভাপতি, বাংলাদেশ মেরিন ফিশারীজ এসোসিয়েশন, ১৩/এ(১৪তলা), সেন্টার পয়েন্ট কনকড, ফার্মগেইট, ঢাকা-১২১৫।
১২. সভাপতি, মেরিন হোয়াইট ফিশ ট্রলার ওনার্স এসোসিয়েশন, আর আর সেন্টার ৭৫৭/৭৭৭(৩য় তলা), ইকবাল রোড, ফিশারীঘাট, কোতোয়ালী, চট্টগ্রাম।
১৩. সভাপতি, বাংলাদেশ জাতীয় মৎস্যজীবি সমবায় লি:, ইকবাল রোড, পাথরঘাটা, চট্টগ্রাম।
১৪. সভাপতি, সামুদ্রিক মৎস্য আহরণকারী বোট মালিক সমিতি, ফিশারীঘাট, ইকবাল রোড, চট্টগ্রাম।
১৫. সভাপতি, চট্টগ্রাম কার্গো ট্রলার মালিক সমিতি, ৭১২ ষ্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম।

(৬–১৪:) আপনাদের এসোসিয়েশনের সকল সদস্য-কে অবহিত করার অনুরোধসহ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:-
১। সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা।

## ১১। উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
### জাতীয় রাজস্ব বোর্ড
### ঢাকা।
### [ মূল্য সংযোজন কর ]
### প্রজ্ঞাপন

তারিখ: ১৫ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ / ২৯ জুন, ২০২১ খ্রিস্টাব্দ।

এস.আর.ও. নং-২৪০-আইন/২০২১/১৬৩-মূসক।- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন,২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন ) এর ধারা ১৩৫, ধারা ৪৯ ও ১২৭খ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:-

১। শিরোনাম ।- এই বিধিমালা উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ সংক্রান্ত নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।- (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(ক) "আইন" অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন , ২০১২ (২০১২ সনের ৪৭নং আইন);

(খ) "উৎসে কর্তনকারী সত্তা" অর্থ কোনো সরকার বা উহার কোনো মন্ত্রণালয়, বিভাগ, বা দপ্তর, আধা- সরকারি বা স্বায়িত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ, পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তক অনুমোদিত বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানিকে বুঝাইবে;

(গ) "পণ" অর্থ আইনের ধারা ২ এর দফা (৫৯) এ সংজ্ঞায়িত পণ;

(ঘ) "ফরম " অর্থ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর বিধি ২ এর দফা (জ) এ সংজ্ঞায়িত ফরম;

(ঙ) "বোর্ড " অর্থ National Board of Revenue Order,1972 (P.O. No. 76 of 1972) এর অধীর গঠিত জাতীয় রাজস্ব বোর্ড।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইন এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬-এ যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। যেসব ক্ষেত্রে উৎসে মূসক কর্তন করিতে হইবে।- (১) [১][বিলুপ্ত]

(২) টেন্ডার, চুক্তি, কার্যাদেশ বা অন্যবিধভাবে সরবরাহের ক্ষেত্রে নিম্নের ছকে বর্ণিত কলাম (২) এ বর্ণিত সেবার কোডের বিপরীতে কলাম (৩) এ বর্ণিত সেবার বিপরীতে কলাম (৪) এ বর্ণিত হারে আবশ্যিকভাবে উৎসে কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে কর্তন করিতে হইবে; যথা:

[১]এস,আর,ও নং-১৭৯-আইন/২০২২/১৯২-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ দ্বারা

| (১) | সেবার কোড (২) | সেবার বিবরণ (৩) | মূসক উৎসে কর্তনের হার (৪) |
|---|---|---|---|
| [১][০১. | S ০০১.১০ | এসি হোটেল | ১৫% |
| | S ০০১.১০ | নন এসি হোটেল | ৭.৫% |
| | S ০০১.২০ | রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত) | ৫%] |
| ০২. | S ০০২.০০ | ডেকোরেটর্স ও ক্যাটারার্স | ১৫% |
| ০৩. | S ০০৩.১০ | মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ | ১০% |
| ০৪. | S ০০৩.২০ | ডকইয়ার্ড | ১০% |
| ০৫. | S ০০৪.০০ | নির্মাণ সংস্থা | ৭.৫% |
| ০৬. | S ০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা | ১৫% |
| ০৭. | S ০০৮.১০ | ছাপাখানা | ১০% |
| ০৮. | S ০০৯.০০ | নিলামকারী সংস্থা | ১০% |
| ০৯. | S ০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | ২% |
| [২][১০. | S ০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা: (ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত | ২% |
| | | (খ) ১৬০১ বর্গফুট হইতে তদূর্ধ্ব | ৪.৫% |
| | | (গ) যে কোন সাইজের পুনঃ রেজিষ্টেশনের ক্ষেত্রে | ২%] |
| ১১. | S ০১৪.০০ | ইন্ডেটিং সংস্থা | ৫% |
| ১২. | S ০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | ১৫% |
| ১৩. | S ০২০.০০ | জরিপ সংস্থা | ১৫% |
| ১৪. | S ০২১.০০ | প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা | ১৫% |
| ১৫. | S ০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র: (ক) আসবাব পত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে মূসক ১৫% | ৭.৫% |
| | | (খ) আসবাবপত্রের বিপণন কেন্দ্র ( উৎপাদন পর্যায়ে ৭.৫% মূসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ১৫%) | ৭.৫% |
| ১৬. | S ০২৮.০০ | কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস | ১৫% |
| ১৭. | S ০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং-এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা | ১০% |

[১]এস,আর,ও নং-১৭৯-আইন/২০২২/১৯২-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ দ্বারা প্রতিস্থাপিত।
[২]এস,আর,ও নং-২২৫-আইন/২০২২/১৯৭-মূসক, তারিখ: ২৮ জুন, ২০২২ দ্বারা প্রতিস্থাপিত।

| (১) | সেবার কোড (২) | সেবার বিবরণ (৩) | মূসক উৎসে কর্তনের হার (৪) |
|---|---|---|---|
| [১]০১. | S ০০১.১০ | এসি হোটেল | ১৫% |
| | S ০০১.১০ | নন এসি হোটেল | ৭.৫% |
| | S ০০১.২০ | রেস্তোরাঁ (বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের তালিকাভুক্ত তিন তারকা বা তদূর্ধ্ব মানের আবাসিক হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার সম্বলিত হোটেলে অবস্থিত রেস্টুরেন্ট এবং মদের বার আছে এমন রেস্টুরেন্ট ব্যতীত) | ৫%] |
| ০২. | S ০০২.০০ | ডেকোরেটর্স ও ক্যাটারার্স | ১৫% |
| ০৩. | S ০০৩.১০ | মোটর গাড়ির গ্যারেজ ও ওয়ার্কশপ | ১০% |
| ০৪. | S ০০৩.২০ | ডকইয়ার্ড | ১০% |
| ০৫. | S ০০৪.০০ | নির্মাণ সংস্থা | ৭.৫% |
| ০৬. | S ০০৭.০০ | বিজ্ঞাপনী সংস্থা | ১৫% |
| ০৭. | S ০০৮.১০ | ছাপাখানা | ১০% |
| ০৮. | S ০০৯.০০ | নিলামকারী সংস্থা | ১০% |
| ০৯. | S ০১০.১০ | ভূমি উন্নয়ন সংস্থা | ২% |
| [২]১০. | S ০১০.২০ | ভবন নির্মাণ সংস্থা: (ক) ১-১৬০০ বর্গফুট পর্যন্ত | ২% |
| | | (খ) ১৬০১ বর্গফুট হইতে তদূর্ধ্ব | ৪.৫% |
| | | (গ) যে কোন সাইজের পুনঃ রেজিষ্টেশনের ক্ষেত্রে | ২%] |
| ১১. | S ০১৪.০০ | ইভেন্টিং সংস্থা | ৫% |
| ১২. | S ০১৫.১০ | ফ্রেইট ফরোয়ার্ডার্স | ১৫% |
| ১৩. | S ০২০.০০ | জরিপ সংস্থা | ১৫% |
| ১৪. | S ০২১.০০ | প্ল্যান্ট বা মূলধনী যন্ত্রপাতি ভাড়া প্রদানকারী সংস্থা | ১৫% |
| ১৫. | S ০২৪.০০ | আসবাবপত্রের বিপণন কেন্দ্র: (ক) আসবাব পত্রের উৎপাদক (উৎপাদক কারখানা হতে সরাসরি ভোক্তার নিকট সরবরাহ করিলে মূসক ১৫% | ৭.৫% |
| | | (খ) আসবাবপত্রের বিপণন কেন্দ্র (উৎপাদন পর্যায়ে ৭.৫% মূসক পরিশোধের চালান থাকা সাপেক্ষে, অন্যথায় ১৫%) | ৭.৫% |
| ১৬. | S ০২৮.০০ | কুরিয়ার (Courier) ও এক্সপ্রেস মেইল সার্ভিস | ১৫% |
| ১৭. | S ০৩১.০০ | পণের বিনিময়ে করযোগ্য পণ্য মেরামত বা সার্ভিসিং-এর কাজে নিয়োজিত ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা | |

[১]এস,আর,ও নং-১৭৯-আইন/২০২২/১৯২-মূসক, তারিখ: ০১ জুন, ২০২২ দ্বারা প্রতিস্থাপিত
[২]এস,আর,ও নং-২২৫-আইন/২০২২/১৯৭-মূসক, তারিখ: ২৮ জুন, ২০২২ দ্বারা প্রতিস্থাপিত



উৎসে আদায় ব্যতীত অনাবাসিক ব্যক্তির প্রাপ্য অর্থ প্রেরণ করিলে ...

ট্রেজারি চালান না থাকিলে বা প্রদেয় মূসক কম প্রদত্ত হইলে প্রযোজ্য সমুদয় মূসক ব্যাংক উৎসে আদায় করিবে ও ব্যাংক সংশ্লিষ্ট মূসক কমিশনারেটের অর্থনৈতিক কোডে তাহা জমা প্রদান করিবে।

(৫) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং স্থানীয় কর্তৃপক্ষ লাইসেন্স প্রদান বা নবায়নকালে বা, ক্ষেত্র বিশেষে, কোনো সুবিধা সৃষ্টিকারী সেবার ক্ষেত্রে উক্তরূপ সুবিধা গ্রহণকারী ব্যক্তির নিকট হইতে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ (পনেরো) শতাংশ হারে উৎসে মূসক আদায় করিবে। এছাড়া, প্রদত্ত লাইসেন্স, রেজিস্ট্রেশন,পারমিটে উল্লিখিত শর্তের আওতায় রাজস্ব বন্টন (Revenue sharing), রয়্যালটি, কমিশন, চার্জ, ফি বা অন্য কোনো ভাবে প্রাপ্ত সমুদয় অর্থের উপর ১৫ (পনেরো) শতাংশ হারে উৎসে মূসক আদায় করিতে হইবে।

(৬) "স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী" সেবার ক্ষেত্রে ভাড়া গ্রহণকারী কর্তৃক ভাড়ার উপর ১৫ (পনেরো) শতাংশ হারে সমুদয় মূসক আদায় করিতে হইবে।

**৪। যোগানদারের ক্ষেত্রে উৎসে মূসক কর্তন- উৎসে কর্তনকারী কর্তৃক যোগানদার সেবার বিপরীতে উৎসে মূসক কর্তনের ক্ষেত্রে অনুসরণীয়:**

(ক) "যোগানদার" অর্থ কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে কোনো মন্ত্রণালয়, বিভাগ বা দপ্তর, আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত কোনো সংস্থা, রাষ্ট্রীয় মালিকানাধীন কোনো প্রতিষ্ঠান, স্থানীয় কর্তৃপক্ষ,পরিষদ বা অনুরূপ কোনো সংস্থা, এনজিও বিষয়ক ব্যুরো বা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক অনুমোদিত কোনো বেসরকারি প্রতিষ্ঠান, কোনো ব্যাংক, বীমা কোম্পানি বা অনুরূপ আর্থিক প্রতিষ্ঠান, কোনো মাধ্যমিক বা তদূর্ধ্ব পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান এবং কোনো লিমিটেড কোম্পানির নিকট পণের বিনিময়ে অব্যাহতিপ্রাপ্ত সরবরাহ ব্যতীত যে কোনো পণ্য বা সেবা বা উভয়ই সরবরাহ করেন এমন কোনো ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা। সুতরাং, উৎপাদক হিসাবে নিবন্ধিত ব্যতিত অন্য সকল ব্যক্তি যাহারা উৎসে কর্তনকারী সত্তার নিকট কোটেশন বা দরপত্র বা কার্যাদেশ বা অন্যবিধভাবে পণ্য বা সেবা সরবরাহ করে তাহারা যোগানদার হিসাবে বিবেচিত হইবে। যেই সকল সেবার সুনির্দিষ্ট সংজ্ঞা রহিয়াছে সেই সকল সেবা যোগানদার হিসেবে গন্য হইবে না;

(খ) প্রজ্ঞাপন দ্বারা অব্যাহতিপ্রাপ্ত কোনো পণ্য বা সেবা যোগানদার কর্তৃক সরবরাহ প্রদানের ক্ষেত্রে যোগানদার সেবা হিসাবে সরবরাহ গ্রহণকারীকে উৎসে কর্তন করিতে হইবে; তবে প্রজ্ঞাপনে যোগানদার হিসাবে পৃথকভাবে অব্যাহতিপ্রাপ্ত সেবা উক্ত কর্তনের আওতায় বহির্ভূত হিসাবে বিবেচিত হইবে; এবং

[১][(গ) * * *]

[১]এস,আর,ও নং-২২৫-আইন/২০২২/১৯৭-মূসক, তারিখ: ২৮ জুন, ২০২২ দ্বারা বিলুপ্ত।